তলোয়ার দিয়ে ভারতীয়দের হত্যার হুমকি জাভেদ মিঁয়াদাদের

ভারতকে হুমকি দিলেন সাবেক পাকিস্তানি ক্রিকেটার জাভেদ মিঁয়াদাদ। হাতে একটি তলোয়ার নিয়ে সংবাদমাধ্যমের সামনে এসে তিনি বললেন, ‘আগে ব্যাট দিয়ে ছয় মারতাম। এখন আমার হাতে তলোয়ার থাকে। তলোয়ার দিয়ে মানুষকে হত্যাও করতে পারি।’

জম্মু-কাশ্মীরে ৩৭০ ধারা বাতিলের পর ভারতের সঙ্গে সবরকম রাজনৈতিক-প্রশাসনিক সম্পর্ক ছিন্ন করেছে পাকিস্তানের ইমরান সরকার। এই কিছুদিন আগে জাতির উদ্দেশ্যে ভাষণ দিতে গিয়ে পাকিস্তানের প্রধানমন্ত্রী ইমরান খানও ভারতের বিরুদ্ধে একরকম ভাবে পরমাণু যুদ্ধের হুমকি দিয়েছিলেন। এবার সামনে এল জাভেদ মিঁয়াদাদের মতো একজন ক্রিকেটারের বিতর্কিত হিংসাত্মক মন্তব্য। ঘটনাটির একটি ভিডিও ইতিমধ্যেই সোশ্যাল মিডিয়ায় ভাইরাল। ভিডিওটিতে দেখা গেছে। ভিডিওটিতে দেখা গেছে, পাকিস্তানের স্থানীয় এক সংবাদমাধ্যমে কাশ্মীরের মানুষের পাশে দাঁড়ানোর কথা বলতে গিয়ে তিনি এই মন্তব্য করেছেন। তবে ভারতের বিরুদ্ধে মিঁয়াদাদের এরকম মন্তব্য আগেও বেশ কয়েকবার শোনা গেছে।

জম্মু-কাশ্মীরে ৩৭০ ধারা বাতিলের পরপরই ভারতের বিরুদ্ধে পরমাণু যুদ্ধের হুমকি দিয়েছিলেন পাকিস্তানের এই ক্রিকেটার। তিনি বলেছিলেন, ‘পরমাণু অস্ত্রগুলো আমরা এমনি এমনি রেখে দেইনি। একবার সুযোগ পেলেই দুনিয়া থেকে ভারতবর্ষকে মুছে দিতে পারি আমরা।’ সেই সময়ে মোদি সরকারকে ‘‌ভীতু’ বল‌তেও ছাড়েননি তিনি। কাশ্মীরে এসে উপত্যকার মানুষের সঙ্গে কথা বলারও ইচ্ছে প্রকাশ করেছিলেন তিনি।